ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রহস্যময়ীর সঙ্গে সালমান খানের ছবি ভাইরাল, নানা গুঞ্জন

পৃঃ ৫




বিশ্বকাপের সব রোজগার দান করছেন রশিদ খান

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৮২ ● কলকাতা ● ২৫ আশ্বিন, ১৪৩০ ● শুক্রবার ● ১৩ অক্টোবর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## জোড়া কর্মসূচির দিনে

# অস্বস্তি বিজেপিতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অনেক দিন চুপ থাকার পর মুখ খুললেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ। বৃহস্পতিবার প্রাতর্ভ্রমণে বেরিয়ে পুরনো ভঙ্গিতে তিনি বলেন, "নতুনদের মতো পুরনোদের কথাও শোনা দরকার। তা না হলে দলের মধ্যে ক্ষোভ দেখা দিচ্ছে এবং তা মাঝেমাঝে প্রকাশ্যে এসে যাচ্ছে।"অতীতেও এই ভাবে রাজ্য নেতৃত্বের বিরুদ্ধে মুখ খুলে বিতর্ক তৈরি করেছেন দিলীপ। যার জেরে তাঁকে প্রথমে চিঠি পাঠিয়ে চুপ করতে বলা হয়েছিল কেন্দ্রীয় নেতৃত্বের তরফ। কিছুদিন আগে তাঁকে বিজেপির জাতীয় সহ-সভাপতির পদ থেকেও সরিয়ে দেওয়া হয়েছে। এখন তিনি শুধুই সাংসদ। অনেক দিন পর তিনি আবার মুখ খুললেন দলের বিষয়ে। তবে কি আবার তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করবে কেন্দ্রীয় নেতৃত্ব? সেই প্রশ্নও তৈরি হল বৃহস্পতিবার সকালে। যদিও বিজেপি রাজ্য নেতৃত্বের তরফে কেউ এ বিষয়ে কোনও মন্তব্য করেননি। দলের সাংগঠনিক বৈঠক থাকায় রাজ্য সভাপতি সুকান্ত-সহ অন্যান্যরা কেউ ফোন ধরেননি।দিলীপ এখন বঙ্গ বিজেপি বা জাতীয় স্তরে বিজেপির কোনও সাংগঠনিক পদে নেই।সে কথা জানিয়েই বিজেপি নেতা জানান, সাংগঠনিক পদে না থাকায় তিনি চুপ থাকতেই চান। কিন্তু কিছু কথা যে হেতু কেউ বলছে

এরপর ৩ পাতায়

# শ্রীভূমির পূজোয় আসবেন রোনালডিনহো



**দমদম: নিউজ সারাদিন :** মাত্র চারদিন পরেই শ্রীভূমির পূজোয় আসবেন রোনালডিনহো। জানা গিয়েছে, আগামী ১৬ অক্টোবর বিখ্যাত এই পুজোমণ্ডপ দেখতে আসবেন ব্রাজিলীয় তারকা। বৃহস্পতিবারই ভারচুয়ালি এই পুজোর উদ্বোধন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন দমকলমন্ত্রী সুজিত বসুর উপস্থিতিতে পুজোমণ্ডপের উদ্বোধন হয়।বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী পুজোর উদ্বোধন করলেও শনিবার পর্যন্ত সাধারণ মানুষের জন্য মণ্ডপ বন্ধই থাকবে। পুজোর আয়োজকদের তরফে জানানো হয়েছে, মহালয়ার দিনই সোনার গয়নায় সাজিয়ে তোলা হবে দুর্গা মূর্তি। ওইদিন থেকেই সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হবে মণ্ডপের দরজা।

তবে শ্রীভূমির পুজোয় এবারের বিশেষ চমক ব্রাজিলীয় তারকা রোনাল্ডিনহো। জানা গিয়েছে, ১৬ অক্টোবর শ্রীভূমির মণ্ডপে যাবেন তিনি। তবে শুধু শ্রীভূমি নয়, কলকাতার বেশ কয়েকটি মণ্ডপেই যাবেন প্রাক্তন ফুটবলার। আহিরীটোলা যুবক বৃন্দ, বারুইপুর, গ্রিন পার্ক ও রিষড়াতে যাবেন এই ব্রাজিলের এই প্রাক্তন তারকা। ডায়মন্ডহারবার এফসির মাঠে একটি প্রীতি ম্যাচে অংশ নেওয়ার কথা তাঁর। কলকাতায় পা রেখে একাধিক চ্যারিটি অনুষ্ঠানে যোগ দেবেন তিনি।ডিজনিল্যান্ডের আদলে এবার মণ্ডপ গড়েছে শ্রীভূমি। জানা গিয়েছে, মহালয়া থেকেই জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে এই পুজোমণ্ডপের দরজা।

শ্রীভূমি স্পোর্টিং ক্লাবের ৫১তম বর্ষের নিবেদন প্যারিসের ডিসনিল্যান্ড। বৃহস্পতিবার তার উন্মোচন হল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে। এদিন ভারচুয়ালি মণ্ডপের উন্মোচন করেন মুখ্যমন্ত্রী। রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বোসের পুজো শ্রীভূমি স্পোর্টিং ক্লাব প্রতিবছরই বিশ্বের কোন না দেশের স্থাপত্যের নির্মাণ করে। এবছর প্যারিসের ডিসনিল্যান্ডের আদলে মণ্ডপ তৈরি করেছে শ্রীভূমি।

## কয়লা খনিতে ধস, আটকে রয়েছেন

# বেশ কয়েক জন 'অবৈধ' শ্রমিক?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অবৈধ ভাবে কয়লা খনি থেকে কয়লা সংগ্রহ করতে গিয়ে বেশ কয়েক জনের চাপা পড়ার খবর পাওয়া যাচ্ছে। বুধবার রাতে এই খবরে চাঞ্চল্য ছড়িয়েছে পশ্চিম বর্ধমান জেলার আসানসোল-রানিগঞ্জ এলাকায়। যদিও এই ঘটনা নিয়ে এখনও পর্যন্ত ইসিএল কর্তৃপক্ষ কিংবা পুলিশ সরকারি ভাবে কিছু জানায়নি। পশ্চিম বর্ধমান জেলার জেলাশাসক ঘটনা প্রসঙ্গে ইসিএল কর্তৃপক্ষের কাছে জানতে চেয়েছেন।অন্যদিকে, ঘটনার খবর পেয়ে নিখোঁজ ব্যাক্তিদের বাড়িতে যান বিজেপির স্থানীয় বিধায়ক অগ্নিমিত্রা পাল। তাঁর সামনে নিখোঁজ ব্যক্তিদের পরিবারের লোকেদের কান্নাকাটিও করতে দেখা গিয়েছে। আগ্নিমিত্রা পাল বলেন, "পেটের জ্বালায় গ্রামের মানুষজন দু'-চার বস্তা কয়লা বের করে বিক্রি করে সংসার চালান, রাজ্য সরকার তো কজের ব্যবস্থা করেনি। তাই জীবনের ঝুঁকি নিয়ে তাঁরা এই কাজ করে দুর্ঘটনার শিকার হয়েছে। এখন স্থানীয় জাতীয় সড়ক অবরোধ করা হয়েছে। প্রশাসন দেখি কী ব্যবস্থা নেয়। না হলে আরও বড় আন্দোলন হবে।"কিন্তু আসলে ঘটনাটি কী এবং ঠিক কত জন এখনও পর্যন্ত চাপা পড়ে আছেন বা আদৌ চাপা পড়েছেন কি না তা নিয়ে সঠিক তথ্য পাওয়া যায়নি।

সূত্রের খবর, রানিগঞ্জে ইসিএলের কুনুস্তরিয়া এলাকার নারায়ণকুড়ি

এরপর ৩ পাতায়



## বিহারে রেল দুর্ঘটনায়

# চার জনের মৃত্যু, আহত ১০০



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিহারের বক্সারে নর্থ ইস্ট এক্সপ্রেস লাইনচ্যুত হওয়ার ঘটনায় অন্তত চার জন যাত্রীর মৃত্যু হয়েছে বলে জানালেন বক্সার জেলার জেলাশাসক। যদিও রেল দফতর থেকে এখনও পর্যন্ত কোনও যাত্রীর মৃত্যুর কথা জানানো হয়নি। তবে জেলা প্রশাসনের ওই শীর্ষ কর্তা জানিয়েছেন, ঘটনাস্থল থেকেই চারটি মৃতদেহ মিলেছে।

এখনও পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী, ট্রেনের অন্তত ৮০ থেকে ১০০ জন যাত্রী আহত হয়েছেন। কমপক্ষে চার জনের মৃত্যু হয়েছে বলেও সর্বভারতীয় বেশ কয়েকটি সংবাদমাধ্যমে দাবি করা হয়েছে। তবে যেভাবে বগিগুলি উল্টে গিয়েছে, তাতে হতাহতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে।

রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, ইতিমধ্যেই উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছেছে। তবে অন্ধকারের কারণে উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে। পটনা থেকে ক্রেনও নিয়ে আসা হচ্ছে উল্টে যাওয়া বগিগুলিকে তোলার জন্য। আহতদের চিকিৎসার জন্য পটনার এইমস হাসপাতালে পাঠানো হচ্ছে। যে তিন, চারটি কামরা পুরোপুরি উল্টে গিয়েছে, সেগুলি গ্যাস কাটার দিয়ে কেটে আটকে থাকা যাত্রীদের উদ্ধারের চেষ্টা চলছে। ফলে হতাহতের সংখ্যা আরও বাড়ার আশঙ্কা থাকছেই। এরই মধ্যে অন্ধকারে ব্যাহত হচ্ছে উদ্ধারকাজ।

বুধবার রাত ৯.৩৫ মিনিট নাগাদ বিহারের বক্সারের রঘুনাথপুর স্টেশনের কাছে লাইনচ্যুত হয়ে দিল্লি থেকে কামাক্ষ্যা গামী নর্থ ইস্ট এক্সপ্রেস।প্রথমে শোনা গিয়েছিল ট্রেনটির অন্তত ৬ থেকে ৭টি কামরা বেলাইন হয়ে যায়। এর মধ্যে কয়েকটি কামরা পাশের চাষের জমিতে গিয়ে পড়ে। পরে অবশ্য খবর আসে, অন্তত ১২টি কামরা বেলাইন হয়েছে। বেলাইন হয়েছে ট্রেনের ইঞ্জিনও। দ্রুত গতিতে থাকা ট্রেনের কামরা এ ভাবে লাইনচ্যুত হওয়ায় স্বভাবতই বড় ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

## নির্ভয়ার মাকে আহ্বান মৌসুমী-টুম্পাদের,

# যন্তরমন্তরের সামনে শুরু ধরনা



**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** কামদুনির গণধর্ষণ ও হত্যার ঘটনায় দোষীদের মৃত্যুদণ্ড মকুব করেছে কলকাতা হাই কোর্ট। তার বিরোধিতায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন কামদুনির প্রতিবাদী মৌসুমী কয়াল, টুম্পা কয়াল-সহ পরিবারের সদস্যরা। বুধবারই তাঁরা দিল্লি পৌঁছেছেন। তাঁদের এ বিষয়ে সাহায্য করছেন বিজেপি নেতা শঙ্কুদেব পণ্ডা।যন্তরমন্তরে ধরনা শুরুর পরিকল্পনা ছিলই। সেইমতো বৃহস্পতিবার সন্ধেবেলা থেকে পোস্টার হাতে অবস্থান বিক্ষোভ শুরু করেছেন তাঁরা। আর তাতে শামিল হওয়ার জন্য তাঁরা আহ্বান জানিয়েছিলেন নির্ভয়ার মাকে। এদিন দুপুরে নির্ভয়ার বাড়ি যান টুম্পা-মৌসুমীরা। বলেন, 'আপনিও আমাদের সঙ্গে অবস্থান বিক্ষোভে শামিল হন।'তিনিই টুম্পা-মৌসুমীদের নিয়ে দিল্লি পৌঁছন। বৃহস্পতিবার সন্ধে থেকে যন্তরমন্তরের সামনে তাঁরা ধরনায় বসেছেন।

এর আগে সকালে প্রথমে প্রতিবাদীরা যান জাতীয় মহিলা কমিশনের দপ্তরে। চেয়ারপার্সন রেখা শর্মার সঙ্গে দেখা করেন। তিনি আশ্বাস দেন, পুজোর পর কামদুনি গ্রামে যাবেন পরিদর্শনে। এর পর টুম্পা, মৌসুমীরা নির্ভয়ার পরিবারের সঙ্গে দেখা করেন। নির্ভয়ার মায়ের কাছে তাঁদের আহ্বান, 'আপনিও আমাদের সঙ্গে ধরনায় শামিল হোন।'

এদিন সকালে দিল্লিতে জাতীয় মহিলা কমিশনের কার্যালয়ে পৌঁছন কামদুনির প্রায় ৯ জন প্রতিনিধি। বিজেপি নেতা শঙ্কুদেব পণ্ডা তাঁদের নিয়ে যান। সুপ্রিম কোর্টে এ বিষয়ে মামলা চলছে। তাই দিল্লির দরবারে প্রতিবাদের ঢেউ তুলতে সেখানে গিয়েছেন মৌসুমী কয়াল, টুম্পা কয়ালরা। কমিশনের চেয়ারপার্সন রেখা শর্মার সঙ্গে দেখা করেন। তাঁদের সঙ্গে কথাবার্তা বলার পর রেখা শর্মা জানান, 'আমরাও যখন কামদুনি গিয়েছিলাম, তখন সেখানে সুরক্ষিত বোধ করিনি। ইচ্ছে করে আমাদের গাড়িকে দেরি করতে বলা হয়েছিল। দিনের বেলায় ওখানে পৌঁছতে পারিনি। আসলে বাংলায় সবই রাজনীতি কেন্দ্রিক। কোনও ভরসা নেই।' তবে রেখা শর্মা তাঁদের আশ্বাস দিয়েছেন, পুজোর পর ফের কামদুনি যেতে চান তিনি।

## ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর আয়োজনে

# ন্যাশনাল মেরিটাইম সার্চ অ্যান্ড রেসকিউ বোর্ড - এর ২১তম বৈঠক




**কলকাতা, ১২ অক্টোবর, ২০২৩ : নিউজ সারাদিন :** কলকাতায় আজ ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর আয়োজনে ন্যাশনাল মেরিটাইম সার্চ অ্যান্ড রেসকিউ বোর্ড - এর ২১তম বৈঠক অনুষ্ঠিত হ'ল। ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর মহানির্দেশক শ্রী রাকেশ পালের উপস্থিতিতে বৈঠকে নীতিগত পর্যালোচনার পাশাপাশি উপকূল রক্ষী বাহিনীর জলযানের সংখ্যা বাড়ানো, আন্তর্জাতিক সহযোগিতা এবং আগামী দিনে তল্লাশি ও উদ্ধার অভিযানে দক্ষতা বৃদ্ধির বিষয়টি প্রাধান্য পায়। সমুদ্র দূষণের বিপদ এবং তা রোধ করতে ভারতের দায়বদ্ধতার প্রসঙ্গটিও উঠে আসে পর্যালোচনা বৈঠকে। সমুদ্র তল্লাশি উদ্ধার অভিযানের কার্যকারিতা বাড়াতে অন্যান্য সমধর্মী প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের উপর গুরুত্ব দেন মহানির্দেশক শ্রী পাল। আগামী বছরের একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাও পেশ করেন তিনি। নীতিগত কাঠামোর মধ্যে সমুদ্র নিরাপত্তার বিষয়টি জোরদার পাশাপাশি, সচেতনতা কর্মসূচিরও উপরও জোর দেন বক্তারা। ভারতীয় উপকূল রক্ষী বাহিনী, সীমান্ত সুরক্ষা বাহিনী এবং প্রাদেশিক বিভিন্ন সংস্থার তরফে প্রযুক্তি-ভিত্তিক প্রতিবেদন পেশ করা হয়। এরপর, সামগ্রিক বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনায় সামিল হন বক্তারা। সমুদ্রে তল্লাশি ও উদ্ধার কাজে ইসরোর তৈরি ডিজিটাল সংযোগ ব্যবস্থার কথা উল্লেখ করেন উপকূল রক্ষী বাহিনীর মহানির্দেশক। তল্লাশি অভিযানের সময় স্থানীয় মৎস্যজীবীরা যেভাবে সাহায্য করেন, তার ভুয়সী প্রশংসা করেন তিনি। সমুদ্র নিরাপত্তার প্রশ্নে জাপান এবং দক্ষিণ কোরিয়ার পাশাপাশি, ভারত মহাসাগরীয় ৯টি দেশের সঙ্গে উপনীত সমঝোতার বিষয়টিও তিনি তুলে ধরেন। জাতীয় সমুদ্র তল্লাশি ও উদ্ধার পর্ষদে রয়েছে - বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক/সংস্থা, সশস্ত্র বাহিনী, উপকূলবর্তী সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৩১ জন সদস্য। প্রতি বছর একবার এই পর্ষদ বৈঠকে বসে। আপৎকালীন পরিস্থিতি মোকাবিলার পাশাপাশি, সমুদ্র পথের যাত্রী এবং ভারতীয় তল্লাশি ও উদ্ধার অঞ্চলের আওতায় থাকা বিস্তীর্ণ ৪৬ লক্ষ বর্গ কিলোমিটার এলাকায় বসবাসরত মৎস্যজীবীদের পরিষেবা প্রদানও এই পর্ষদের অগ্রাধিকার। আজ সাংবাদিক সম্মেলনে ভারতীয় উপকূল রক্ষী বাহিনীর মহানির্দেশক তল্লাশি ও উদ্ধার অভিযানের দক্ষতা বাড়াতে ৯টি অত্যাধুনিক হেলিক্টার এবং ৮টি ডর্নিয়ার বিমান কেনার বিষয়টি উল্লেখ করেন। তিনি আরও জানান, সমুদ্র তল্লাশি সমন্বয় কেন্দ্রের আওতায় সম্প্রতি ২৮টি উপকেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে।

# শিক্ষকদের তীব্র ভৎর্সনা প্রধান বিচারপতির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিক্ষকদের মিছিল এবং ধর্নার অনুমতি নিয়ে তীব্র অসন্তোষ প্রকাশ করলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ মিছিলের অনুমতি চাওয়া শিক্ষকদের সাফ বলে দিল,'শিক্ষকতা করতে হবে না, রাস্তাতেই থাকুন।'

রাজ্যে এই মুহূর্তে বহু শিক্ষক আন্দোলনরত। বিশেষ করে ডিএ'র দাবিতে দীর্ঘদিন আন্দোলন চালিয়ে যাচ্ছে সংগ্রামী যৌথ মঞ্চ। প্রধান বিচারপতির এই পর্যবেক্ষণের পর তাঁদের আন্দলন নিয়েও প্রশ্ন উঠে যাচ্ছে।ডিএ এবং অন্যান্য দাবি নিয়ে বৃহত্তর গ্রাজুয়েট টিচার্স অ্যাসোসিয়েশন নামের একটি সংগঠন মিছিল এবং বিকাশ ভবনের সামনে ধর্না দিতে চেয়ে হাই কোর্টে মামলা। ওই মামলার দ্রুত শুনানির আর্জি করা হয়। সেই মামলার শুনানিতেই প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম শিক্ষকদের আচরণে ক্ষোভ উগরে দেন। তিনি বলে দেন, 'এদের জন্য আমার কোনও সহমর্মিতা নেই। নিজেদের কায়েমি স্বার্থ ছাড়া সবাইকে অবহেলা করছে। মানুষের কথা ভাবে না কেউ। অফিস যাত্রীরা ভোগান্তির শিকার হচ্ছে।'প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, 'রোজ ১৫ টা করে মিছিল হয়। স্কুলের বাচ্চারা হয়রানির শিকার হচ্ছে। অ্যাম্বুল্যান্স পর্যন্ত আটকে যাচ্ছে, রাস্তায় পড়ে থেকে মানুষ মারা যাচ্ছে।' শিক্ষকদের তিরস্কার করে প্রধান বিচারপতির মন্তব্য,'আপনাদের কাজ করতে হবে না। শুধু জিন্দাবাদ জিন্দাবাদ করে যান। পুলিশ লাঠিচার্জ করুক, কাঁদানে গ্যাস প্রয়োগ করুক।' ওই মামলায় দ্রুত শুনানির আর্জিও খারিজ হয়ে গিয়েছে। প্রধান বিচারপতি জানিয়ে দিয়েছেন, পুজোর আগে শুনানি সম্ভব নয়।

## সাউন্ড সিস্টেম মাইক সেট ও শান্তির দূত সম্মান

# স্বপন দত্ত বাউলকে বর্ধমানবাসীর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংবাদদাতা, পূর্ব বর্ধমান জেলায় কার্জনগেট কোট চত্বরে নেতাজী মূর্তির পাদদেশে বর্ধমান বাসীর পক্ষ থেকে পুরস্কার শংশাপত্র গুনীজন সংবর্ধণার আয়োজন করে ভয়েস ফর দ্যা ভয়েস লেস পশু প্রেমী সংস্থা এবং দীপশিখা সমাজ সেবি সংস্থা ও বর্ধমান বাসী। ঐ দিন মহাকরণ ও নবন্নর প্রাক্তন সহ অধিকর্তা অরবিন্দ সরকার ওপূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক রাম শঙ্কর মন্ডল মহাশয় বিশেষ অতিথি রূপে উপস্থিত ছিলেন , ওনারা স্বপন দত্ত বাউলের হাতে পুরষ্কার ও সন্মান তুলে দেন। বহুমুখী প্রতিভার মাধ্যমে সমাজসেবা, এবং রাজ্যের একমাত্র বাউল লোক শিল্পী নিজের উদ্যোগেই নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে বাউল গানে সমাজ সচেতন, কুসংস্কার কুপ্রথা দূরীকরণ এবং শান্তি সম্প্রীতি রক্ষায় রাজ্য দেশ বিদেশে শান্তির বার্তায় নজিরবিহীন ঘটনা স্থাপনের জন্য পুষ্প মালায় সুসজ্জিত করে শান্তির দূত সম্মান ও সাউন্ড সিস্টেম কর্ড লেস মাইক সেট উপহার স্বরূপ পুরস্কার এবং গুণীজন সংবর্ধনায় শংসাপত্র প্রদান বিশিষ্ঠ সমাজসেবী, বহুমুখী প্রতিভায় সম্মানীত শিল্পী স্বপন দত্ত বাউল মহারাজ মহাশয়কে। উক্ত অনুষ্ঠানে বাউল গানে ভিক্ষা করে প্রাপ্ত অর্থে ১৬ জন দুস্থ মহিলাদের শাড়ি কাপড় বিতরণ করেন স্বপন দত্ত বাউল। ডেঙ্গু সচেতন করেন বাউল গানে সমাজ সচেতনের প্রতিবাদী কণ্ঠস্বর মানুষকে মুগ্ধ করে । বর্ধমান বাসী ফুলের মালায় সুসজ্জিত করে স্বপন দত্ত বাউল কে বিশিষ্ঠ অতিথিবৃন্দদের হাত দিয়ে শান্তির দূত গুণীজন সংবর্ধনা দেন। অনুষ্ঠান বিষয়ে সংবাদিকদের মুখোমুখি হয়ে বর্ধমান বাসীর পক্ষে বিশিষ্ট সমাজসেবী ডা: সৌমেন সিংহ রায় মহাশয় তার মূল্যবান বক্তব্যে বলেন যে আমরা বর্ধমানবাসী স্বপন দত্ত বাউল শিল্পীর দীর্ঘ বহু বছর ধরে খালি গলায় বাউলগানে সমাজ সচেতনে অক্লান্ত পরিশ্রম কষ্ট দেখে বর্ধমান বাসী ফুলের মালায় সুসজ্জিত করে শান্তির দূত সম্মান ও সাউন্ড সিস্টেম কর্ড লেস মাইক উপহার স্বরূপ পুরস্কার স্বপন দত্ত বাউলের হাতে তুলে দিতে পেরে আমরাও ধন্য । আমরা প্রত্যেকেই ভয়েস ফর দ্যা ভয়েস লেস পশু প্রেমী সংস্থা ও দীপশিখা সমাজ সেবি সংস্থা এবং বর্ধমানবাসী শিল্পীর নিঃস্বার্থ বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন নিয়ে গর্ব বোধ করি।

# ঘর থেকে গৃহবধূর পঁচাগলা দেহ উদ্ধার কুলতলীতে



**বাবলু হাসান লস্কর, কুলতলী দক্ষিণ ২৪ পরগনা : নিউজ সারাদিন :** কুলতলীর এক গৃহবধূর পচা গোলা দেহ উদ্ধার কে ঘিরে চাঞ্চল্য । মৃতার নাম সারথী বাছাড়(৫৫)। ঘটনাটি বৃহস্পতিবার সকালে কুলতলি থানার দেউলবাড়ী দেবীপুর অঞ্চলের কাঁটামারীতে। কুলতলী থানার পুলিশ এলাকায় গিয়ে দেহ টি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। গৃহবধুর মেয়ে সুশিলা নস্কর বলেন, আমরা চার বোন কলকাতায় থাকি। মা একা থাকত কুলতলীর দেউলবাড়ী দেবীপুরের কাঁটা মারিতে। কয়েকদিন ধরেই মায়ের ফোনে বারে বারে যোগাযোগ করার চেষ্টা করি কিছুতে যোগাযোগ করা যাচ্ছিল না। এদিন বাড়িতে এসে দেখি মায়ের দেহ পড়ে আছে ঘরের মধ্যে, মাকে খুন করা হয়েছে। মায়ের মোবাইল পাওয়া যাচ্ছে না। কিভাবে মৃত্যু গৃহবধূর তার তদন্ত শুরু করেছে কুলতলী থানার পুলিশ।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

# কয়লা খনিতে ধস, আটকে রয়েছেন বেশ কয়েক জন 'অবৈধ' শ্রমিক?

খোলামুখ কয়লাখনিতে এই দুর্ঘটনা ঘটে। বুধবার বিকেলে নারায়ণকুড়ি খনিতে ধস নামে বলে স্থানীয়দের দাবি। সেই ধসেই চার থেকে পাঁচ জন চাপা পড়েন বলে অভিযোগ। ইতিমধ্যেই এক জনের মৃত্যু হয়েছে বলে দাবি করেছেন প্রাক্তন সাংসদ তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী বংশগোপাল চৌধুরী। সিপিএম নেতা বংশগোপালের দাবি আরও চার জন নিখোঁজ রয়েছে বলে তাঁর কাছে খবর এসেছে। রানিগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে। স্থানীয় বাসিন্দাদের একাংশ অভিযোগ করছেন তাঁদের পরিবারের লোকেরা চাপা পড়ে আছেন। উদ্ধারকারী দলকে খবর দেওয়া হয়েছে। তারা এলেই জানা যাবে আসল ঘটনা কী।

১-ম পাতার পর

# জোড়া কর্মসূচির দিনে অস্বস্তি বিজেপিতে

না, তাই সেগুলো বলার দরকার হয়ে পড়েছে।

প্রসঙ্গত, বৃহস্পতিবার বাংলার দায়িত্বপ্রাপ্ত বিজেপির কেন্দ্রীয় নেতাদের উপস্থিতিতে রাজ্যের একটি বিশেষ সাংগঠনিক বৈঠক রয়েছে সল্টলেকে দলের সদর দফতরে। একই দিনে বিজেপি বাঁচাও কমিটির নামে বিভিন্ন জেলা থেকে দুপুর দেড়টায় পূরণ সেন লেনে দলের রাজ্য অফিসের সামনে একটি বিক্ষোভ সমাবেশেরও ডাক দেওয়া হয়েছে। ক্ষোভের নানা কারণের মধ্যে মূল কারণটি হল, বিজেপিতে নতুনদের জায়গা দিতে গিয়ে পুরনোদের বঞ্চিত করা হচ্ছে। সেই সমাবেশের দিনে ওই একই বিষয়ে এ বার মুখ খুললেন বিজেপিরই নেতা তথা সাংসদ দিলীপও। দিলীপ বলেন, "রাজনীতিতে ক্ষমতা পাওয়ার একটা লিপ্সা থাকে। তৃণমূলে যেমন হয় বিজেপিতে তা নয়। তবে অনেক নতুন লোক এসেছেন তাঁদের জায়গা দেওয়ার চেষ্টা হচ্ছে। পুরনো যাঁরা পার্টির মধ্যে ছিলেন, তাঁরাও গুরুত্ব পেতে চাইছেন। ফলে একটা অসামঞ্জস্য তৈরি হয়েছে। পরিবার বাড়লে, বেশি লোক এলে সমস্যা হয়। বিজেপিতে যাঁরা নেতৃত্বে রয়েছেন তাঁদের উচিত সবার সঙ্গে কথা বলে, যাঁদের ক্ষোভ হয়েছে, তাঁদের ক্ষোভের কথা শোনা। আমার মনে হয় ঠিক মতো শোনা হচ্ছে না। তাই বিক্ষোভ দেখা দিচ্ছে।" এই বক্তব্যের আগে এবং পরে অবশ্য রাজ্যের শাসকদল তৃণমূলকে আক্রমণ করেও কিছু কথা বলেন দিলীপ, শেষে আবার ফিরে যান দলের প্রসঙ্গে। তাঁকে বলতে শোনা যায়, "আমি এখন কোনও সাংগঠনিক পদে নেই। তাই সংবাদমাধ্যমের সঙ্গে আর কথা বলি না সে ভাবে। তবে এখন কিছু কথা বলা দরকার বলে মনে হচ্ছিল আমার। কেউ সেটা বলছে না। তাই আজ আমি বললাম।"উল্লেখ্য, দিলীপ বিজেপির রাজ্য সভাপতি থাকাকালীন জেলা এবং রাজ্যস্তরে যাঁরা দলের দায়িত্বে ছিলেন, তাঁদের একটা বড় অংশই এখন কোণঠাসা। বালুরঘাটের বিজেপি সাংসদ সুকান্ত মজুমদার বঙ্গ বিজেপির রাজ্য সভাপতি হওয়ার পর সমস্ত জেলায় সাংগঠনিক রদবদল হয়েছে। যা কার্যত হওয়ারই ছিল। কিন্তু সেই রদবদলের পর অভিযোগ ওঠে, বিজেপিতে যাঁরা দায়িত্ব পেয়েছেন, তাঁদের অধিকাংশই হয় পরে বিজেপিতে এসেছেন নয়তো তৃণমূল থেকে বিজেপিতে যোগ দিয়েছেন।সম্প্রতিই দক্ষিণ ২৪ পরগনার যে বিজেপির যে তিনটি সাংগঠনিক জেলা রয়েছে, সেই মথুরাপুর, যাদবপুর এবং জয়নগরে বিজেপির নিজস্ব সংগঠনের ভিতরেই ক্ষোভ দেখা গিয়েছে। হয় সেখানে বিজপি কর্মী-সমর্থকেরা বিক্ষোভ মিছিল করে পার্টি অফিসে গিয়েছেন। নয়তো ঘেরাও করে রাখা হয়েছে বিজেপি নেতাদের। এমনকি, বাঁকুড়ায় কেন্দ্রীয় মন্ত্রী সুভাষ সরকারকেও সম্প্রতি ঘেরাও করা হয়েছিল। নন্দীগ্রামের বিজেপি নেতা প্রলয় পালও দিন কয়েক আগে রাজনীতি ছাড়তে চেয়েছিলেন বিজেপিতে পুরনোদের গুরুত্ব না থাকার অভিযোগেই। এ রকম একের পর এক ঘটনায় যখন দেখা যাচ্ছে বিজেপির পুরনো নেতারা ক্ষুব্ধ, ঠিক তখনই দলের পুরনো এবং নতুনদের মধ্যে সামঞ্জস্য আনার বার্তা দিলেন দিলীপ। তিনি বললেন, এই সমন্বয় সাধনের কাজে এগিয়ে আসতে হবে বিজেপি নেতৃত্বকেই।

# ভারত এবং আমেরিকার পরমাণু চুক্তির জন্য

# কোন দেশের বেশী লাভ হচ্ছে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত পরমানু শক্তিধর রাষ্ট্র হওয়া সত্যি এক ইতিহাস। চীন বা পাকিস্তানের বিরুদ্ধে চোখে চোখ রেখে কথা বলতে যে পরমানু শক্তির দরকার ছিল তা হারে হারে বুঝতে পারা যাচ্ছে। তবে ভারতের পরমানু শক্তি রাষ্ট্র হওয়ার ক্ষেত্রে সবথেকে বড় বাঁধা ছিল আমেরিকা। তবে আন্তর্জাতিক রাজনীতি কিভাবে বদলে যায় তা হয়ত ভারতের পরমানু শক্তিধর রাষ্ট্র হওয়া থেকে শুরু করে পরমানু অস্ত্রের সম্ভার বাড়ানো দেখলে আঁচ করা সম্ভব।বর্তমানে ভারত নিজের পরমাণু অস্ত্র গুলিকে গ্রাউন্ডে ব্যবহার করে থাকে। যেমন পরমাণু অস্ত্র ঘাঁটি সহ রেল এবং রোড নেটওয়ার্কের পাশাপাশি সাবমেরিনে মোতায়েন করে রেখেছে। শৌর্যের মত হাইলি ম্যনুয়েভারেবেল কোয়াজি ব্যলিস্টিক / হাইব্রিড ক্রুজ মিসাইল ব্যবহার করে যেটি একটি হাইপারসনিক ওয়েপেন সিস্টেম। ব্যালেস্টিক মিসাইলেও আজকাল ব্যবহার করা হয়ে থাকে পরিমানু।

আন্তর্জাতিক একাধিক সংবাদমাধ্যমের মতে ভারতের ১৪০টি মত পরমাণু অস্ত্র মজুত রয়েছে। যা চীন বা পাকিস্তানের মতো দেশের বিরুদ্ধে ব্যবহার করার জন্য যথেষ্ট।কারন যে আমেরিকার একসময় ভারতের প্রধান বাঁধা ছিল আজ সেই আমেরিকা ভারতকে সাহায্য করতে এগিয়ে আসছে।

ভারত এবং আমেরিকার পরমাণু চুক্তি হওয়ার পর ভারতের বেশ লাভ ই হয়েছে। কারন সামরিক এবং অসামরিক পরমাণু চুল্লী গুলিকে ইতিমধ্যে আলাদা করা হয়েছে।

আন্তর্জাতিক হিসাব অনুসারে ভারত প্রতিবছর ১০ থেকে ২০টি পরমাণু অস্ত্র নির্মানের জন্য যথেষ্ট পরিমানে প্লুটোনিয়াম উতপাদন করে থাকে।

# ইজরায়েল থেকে ছাড়বে বিমান, ফিরছেন ২৩০ ভারতীয়



**দিল্লি: নিউজ সারাদিন :** ইসরায়েল-হামাস যুদ্ধের তীব্রতা বাড়তেই, একের পর এক দেশ ইজরায়েল থেকে তাদের নাগরিকদের দেশে ফিরিয়ে আনতে ঝাঁপিয়ে পড়েছে। বুধবার রাতে ভারতও 'অপারেশন অজয়' শুরু করেছে। বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর জানিয়েছএন, যুদ্ধবিধ্বস্ত ইজরায়েল থেকে দেশে ফিরতে ইচ্ছুক ভারতীয় নাগরিকদের সুবিধার্থে এই উদ্ধার অভিযান শুরু করা হয়েছে।

শেখ আবদুল্লা বিন জায়েদের সঙ্গে কথা বলার পাশাপাশি, এই সঙ্কট নিয়ে দিল্লিতে একটি কন্ট্রোলরুম খুলেছেন বিদেশমন্ত্রী। তেল আবিব এবং রামাল্লার ভারতীয় দুতাবাসগুলিতেও কন্ট্রোলরুম খোলা হয়েছে। এদিকে, বেথলেহেমে তীর্থ করতে গিয়ে আটকে পড়েছিলেন রাজ্যসভার সাংসদ ওয়ানওয়েইরয় খারলুখি-সহ মেঘালয়ের ২৭ জন বাসিন্দা। বিদেশ মন্ত্রক জানিয়েছে, তাঁদের নিরাপদে মিশরে সরিয়ে নিয়ে যাওয়ার বন্দোবস্ত করা হয়েছে। সেখান থেকে তাদের দেশে ফিরিয়ে আনা হবে। মুম্বইয়ে নিযুক্ত ইজরায়েলের কনসাল জেনারেল কব্বি শোশানি জানিয়েছেন, ইজরায়েলে কোনও ভারতীয়র মৃত্যু হয়েছে বা কোনও ভারতীয় আহত হয়েছেন বলে খবর নেই।বিদেশ মন্ত্রকের মতে, বর্তমানে প্রায় ১৮,০০০ ভারতীয় নাগরিক ইজরায়েলে আছেন। তাঁদের অধিকাংশই সেখানে বয়স্কদের দেখাশোনার কাজ করেন। এছাড়া প্রায় হাজার খানেক শিক্ষার্থী, তথ্য প্রযুক্তি কর্মী এবং হিরা ব্যবসায়ী থাকেন সেখানে। যুদ্ধ শুরুর পর থেকে তাঁদের অনেকেই সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য মাধ্যমে দেশে ফেরার জন্য আবেদন করেছিলেন। সূত্রের খবর, বৃহস্পতিবার বিকেলেই ভারতীয় নাগরিকদের প্রথম দলটি নিয়ে একটি চার্টার্ড বিমান রওনা দেবে ভারতের উদ্দেশ্যে। কিন্তু, যুদ্ধ বিধ্বস্ত দেশ থেকে কীভাবে নিরাপদে নাগরিকদের ফিরিয়ে আনছে ভারত? আসুন দেখে নেওয়া যাক সরকারের পরিকল্পনা সরকারি সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার প্রথম দফায় ইজরায়েল থেকে ২৩০ জন ভারতীয় নাগরিককে দেশে ফিরিয়ে আনা হবে। বৃহস্পতিবার রাত ৯টার সময় তেল আবিব বিমান বন্দর থেকে চার্টার্ড উড়ানটি ভারতের উদ্দেশ্যে রওনা দেবে। তবে, চার্টার্ড বিমানটি তেল আবিবে কখন নামার অনুমতি পাবে, তার উপর দেশের উদ্দেশে রওনা দেওয়ার সময় নির্ভর করবে। গত শনিবার ইজরায়েল থেকে ভারতমুখী এয়ার ইন্ডিয়া একটি উড়ান বাতিল হয়েছিল। যার ফলে, এই ২৩০ জন সেই দেশে আটকে পড়েছিলেন। প্রথমে তাঁদেরই ফিরিয়ে আনা হবে। তারপর, আগে যারা আগে নাম নিবন্ধন করবেন, তারাই আগে দেশে ফেরার সুযোগ পাবেন। ইজরায়েলে এয়ার ইন্ডিয়ার পরিষেবা আপাতত স্থগিত রয়েছে। ইজরায়েল থেকে যারা দেশে ফিরবেন, তাঁদের ভাড়া বাবদ কোনও অর্থ দিতে হবে না। সরকারই তাদের ফেরার খরচ বহন করবে।অপারেশন অজয়ের আওতায় ভারত বেশ কয়েকটি বাণিজ্যিক চার্টার্ড উড়ান পরিচালনা করবে। আপাতত, স্ট্যান্ড বাই অবস্থায় রাখা হচ্ছে ভারতীয় সেনার কয়েকটি সামরিক বিমান। পরে দরকার পড়লে সেগুলিকেও কাজে লাগানো হবে। প্রয়োজন পড়লে ভারতীয় নৌসেনার রণতরীও পাঠানো হবে ইজরায়েলে। ইজরায়েল থেকে কিছু নাগরিককে প্রাথমিকভাবে সংযুক্ত আরব আমিরশাহিতেও নিয়ে যাওয়া হতে পারে। বুধবার আরব আমিরশাহির বিদেশমন্ত্রী শেখ আবদুল্লা বিন জায়েদের সঙ্গে কথা বলেছেন বিদেশমন্ত্রী জয়শঙ্কর। হামাস-ইজরায়েল যুদ্ধের বিষয়ে কথা হয় দুই পক্ষের। প্রসঙ্গত, হামাস ইজরায়েলে হামলার করার পর থেকে এই প্রথম কোনও আরব দেশের বিদেশমন্ত্রীর সঙ্গে কথা বললেন জয়শঙ্কর। হামাসের হামলাকে সন্ত্রাসবাদী হামলা বলেই দেখছে ভারত সরকার। সংযুক্ত আরব আমিরশাহিও এই হামলার জন্য হামাসের সমালোচনা করেছে। এছাড়া মধ্য প্রাচ্যের দেশগুলির মধ্যে বাহরাইনও এই হামলার নিন্দা করেছে।




ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৮২ সংখ্যা ১৩ অক্টোবর, ২০২৩ শুক্রবার ২৫ আশ্বিন, ১৪৩০


## সম্পাদকীয়

# মোদীর আগেই রামমন্দির উদ্বোধন করবেন শাহ

আগামী জানুয়ারি মাসে অযোধ্যায় রামমন্দির উদ্বোধনের কথা। শ্রীরামজন্মভূমি তীর্থক্ষেত্র ন্যাসের মন্দির নির্মাণ কমিটি জানিয়েছে, ২০ থেকে ২৪ জানুয়ারির মধ্যে কোনও শুভমুহূর্তে বিগ্রহে 'প্রাণপ্রতিষ্ঠা' হবে। উপস্থিত থাকার কথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। তবে তার আগেই 'রামমন্দির' উদ্বোধন করে ফেলবেন মোদীর 'ডেপুটি' অমিত শাহ।আগামী বছর লোকসভা ভোট। তার আগে রাজ্য জুড়ে দুর্গাপুজোয় দলীয় প্রভাব বৃদ্ধির কথা ভেবেছে বিজেপি। জেলায় জেলায় নেতা, সাংসদ, বিধায়কদের কোনও না কোনও পুজোর সঙ্গে যুক্ত থাকতে বলা হয়েছে। এ ছাড়াও পুজোর দিনগুলিতে নিজের নিজের এলাকায় জনসংযোগের নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত, ভবানীপুর এলাকায় বিজেপি কর্মীদের পক্ষে একটি দুর্গাপুজোর হওয়ার কথা রয়েছে এই বছর। সেখানে শাহ আসতে পারেন বলে আগে দাবি করেছিলেন রাজ্য নেতারা। তবে চতুর্থীর সফরে শাহ ভবানীপুরে যাবেন না বলেই বৃহস্পতিবার পর্যন্ত খবর।কলকাতার দুর্গাপুজোয় রামমন্দিরের আদলে পুজোমণ্ডপের উদ্বোধন করতে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। এমনই দাবি কলকাতা পুরসভার বিজেপি কাউন্সিলর সজল ঘোষের।


সন্তোষ মিত্র স্কোয়ারের পুজোর উদ্বোধনে শাহকে চেয়ে আগেই আর্জি জানিয়েছিলেন প্রধান উদ্যোক্তা তথা বিজেপি নেতা সজল। বৃহস্পতিবার বিকেলে সেই আর্জি মঞ্জুর হয়েছে বলে দাবি সজলের। তাঁর আরও দাবি, পুজোয় আসছেন বিজপির সভাপতি জেপি নড্ডাও। সজল বলেন, "দ্বিতীয়ার দিন বিকেল ৪টের সময় অমিত শাহ উদ্বোধনে আসবেন বলে কথা দিয়েছেন। তার পরে ষষ্ঠীর দিন নড্ডাজিও আসছেন।" সূত্রের খবর, শাহ ১৬ অক্টোবর মেরেকেটে এক ঘণ্টার জন্য কলকাতায় আসবেন। সজলের পুজোর উদ্বোধন করেই ফিরে যাবেন দিল্লি। এখনও পর্যন্ত যা খবর, তাতে তাঁর কলকাতায় আর কোনও কর্মসূচি নেই। কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী হওয়ার পরে শাহ কলকাতার পুজোয় এসেছিলেন ২০১৯ সালে। সে বার তদানীন্তন বিজেপি নেতা সব্যসাচী দত্তের পুজোর উদ্বোধনে গিয়েছিলেন তিনি। সল্টলেকের বিজে ব্লকের পুজোয় সদ্য তৃণমূল ছেড়ে আসা সব্যসাচীর পাশাপাশি তখন বিজেপির সর্বভারতীয় সহ-সভাপতি মুকুল রায়ও ছিলেন শাহের সঙ্গে। এর পরে রাজ্য বিজেপির তরফে চাহিদা থাকলেও শাহ পুজোর উদ্বোধনে আসতে পারেননি। গত বছর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন 'থিম' হয়েছিল সন্তোষ মিত্র স্কোয়ারের পুজোয়। সে বারেও শাহকে উদ্বোধনের জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল। কিন্তু ইচ্ছাপূরণ হয়নি সজলের। তবে তাঁর দাবিমতো, এ বার 'সশরীরে' উদ্বোধনে থাকবেন শাহ। 'ভার্চুয়াল' নয়। শেষের বক্তব্যটি অবশ্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপায়ের প্রতি কটাক্ষ বলেই মনে করছেন অনেকে। কারণ, বৃহস্পতিবার থেকেই রাজ্যের বিভিন্ন পুজোর ভার্চুয়াল উদ্বোধন শুরু করছেন মমতা।

# রাজমাতা বিজয়ারাজে সিন্ধিয়াজির জয়ন্তীতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য



**নতুনদিল্লি ১২ অক্টোবর : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী রাজমাতা বিজয়ারাজে সিন্ধিয়াজির জয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। শ্রী মোদী বলেছেন, রাজমাতা বিজয়ারাজে সিন্ধিয়া তাঁর গোটা জীবন মানুষের কল্যাণ এবং জাতির সেবায় উৎসর্গ করেছেন। তিনি আরও বলেন, দরিদ্র ও অবহেলিতদের উন্নয়নে তাঁর প্রয়াস শক্তিশালী ভারত গড়ার লক্ষ্যে সবাইকে অনুপ্রাণিত করবে। এক্স হ্যাণ্ডেলে প্রধানমন্ত্রী এক পোস্টে লিখেছেন: "রাজমাতা বিজয়ারাজে সিন্ধিয়াজির জয়ন্তীতে তাঁকে শ্রদ্ধা জানাই। উনি সারা জীবন মানুষের কল্যাণ এবং দেশের সেবায় নিজের জীবন উৎসর্গ করেছেন। দরিদ্র ও বঞ্চিতদের জন্য তাঁর কাজ শক্তিশালী ভারত গড়ার লক্ষ্যে প্রত্যেককে অনুপ্রাণিত করবে।"

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

শ্রীচৈতন্য মহাপ্রভুর দাদা বিশ্বরূপ মিশ্র সন্ন্যাস নিয়ে বাড়ি ত্যাগ করেছিলেন। এসব আজকের দিনের ইতিহাস । আর এই ইতিহাসের পিছনে অলৌকিক ইতিহাস লুকিয়ে রয়েছে। চৈতন্য মহাপ্রভু ফেনী বিভিন্ন বিতর্কে বিতর্কিত রয়েছে যা লিখলে এই লেখাটি সম্পূর্ন করা এই মুহূর্তে সম্ভব হবে না । তবে আমি ফিরে যাব মহাপ্রভুর জন্মস্থান কোথায়? **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# দিব্যভূমি বিশ্ব সেবাশ্রম সঙ্ঘ



মৃত্যুঞ্জয় সরদার



শাস্ত্র বলে ঈশ্বর দর্শনলাভে সিদ্ধকাম মহাত্মাগণ যে স্থানে থাকেন সেখানেই ঈশ্বরের বিশেষ প্রকাশ উপস্থিত হয়। ফলে সাধারণ মানুষ সেখানে উপস্থিত হলে অতি সহজেই ঈশ্বরের ওই প্রকাশভাবকে কিছু না কিছু উপলব্ধি করেন। কলকাতার অদূরে বিমানবন্দরের পাশে এমনই এক দিব্যভূমি বিশ্ব সেবাশ্রম সঙ্ঘ। যেখানে রুদ্রাক্ষবৃক্ষ শোভিত, সারা পৃথিবীর ১৫১টির অধিক পবিত্র তীর্থের জলে পরিপূর্ণ ব্রহ্মসরোবরে পারে বিদ্যমান এক দিব্য মন্দির স্থানীয় লোকজন এবং দেশ বিদেশ থেকে আগত ভক্তবৃন্দও বলেন বিশ্ব মানবতার শান্তির নীড় 'বিশ্বমাতা মন্দির।' হ্যাঁ বিশ্ব সেবাশ্রম সঙ্ঘ এবং সঙ্ঘের জমিতে বিরাজমান মা কালীর বিশ্বমাতা মন্দির সত্যিই শান্তির নীড়। আপনি যতই অশান্ত মনে এখানে আসুন না কেন বিশ্ব সেবাশ্রমের প্রধান ফটক দিয়ে যেই ঢুকবেন দেখবেন সারা পৃথিবীর সমস্ত চিন্তা যেন আপনার মাথা থেকে সরে গেছে। আপনার মন যেন অনেক হালকা হয়ে গেছে। এটা এখানে আগত ভক্তবৃন্দের অনুভূতি ও এই লেখকের অভিজ্ঞতার প্রকাশ। যাতে কোনও অতিশায়ক্তি নেই। আর আশ্রমের প্রতিষ্ঠাতা মাতৃসাধক আনন্দময় দিব্যপুরুষ শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারীকে দর্শন করলে আপনার একথা তো মনে হবেই এই জায়গা আপনার নিজের। উনি যেন আপনার কত আপনজন। এতদিন কেন আপনি আসেননি এই পুণ্যভূমিতে বিশ্বমাতা দক্ষিণাকালী এবং মাতৃসাধক শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারীকে দর্শন করতে। মায়ের মন্দিরের সঙ্গে আশ্রম প্রাঙ্গণে আছে একাধিক মন্দির। শিব মন্দির, দুর্গা মন্দির, জগন্নাথ মন্দির এবং নর্মদেশ্বর বাণলিঙ্গের মন্দির। মায়ের মন্দিরের সিঁড়ি ভেঙে আপনি যখন বিশ্বমাতা দক্ষিণা কালীকে দর্শন করবেন---দেখবেন মা যেন ঠিক ছোট্ট চপলমতি বালিকা। আপনার দিকে চেয়ে মিটি মিটি হাসছেন। মনে হবে যেন আপনার নিজের সুন্দরী লক্ষ্মী পয়মন্ত মেয়ে। ভারী আপনজন মনে হবে বিশ্বমাতাকে দেখলে। কষ্টি পাথরের অপরূপ মূর্তি। শ্বেতমর্মর প্রস্তরাবৃত তিনটি সোপানযুক্ত উচ্চবেদী। বেদীর ওপর প্রস্তর নির্মিত সহস্রদল পদ্ম। তার উপর মহাকালরূপী শিব শব হয়ে পশ্চিম দিকে মাথা, পূর্বে পা দিয়ে শুয়ে আছেন। শিবের অবয়ব শ্বেতপ্রস্তর নির্মিত। তাঁর বুকের পর ডান পা বাড়িয়ে বারাণসী চেলি পরিহিতা পুস্পসজ্জায় সজ্জিত সুন্দরী ত্রিনয়নী দক্ষিণাকালী সলাজ তরুণীর ন্যায় জীব কেটে দাঁড়িয়ে আছেন। বিশ্বের পালনকর্ত্রী মা, রাজ-রাজেশ্বরী তিনি। তাই শ্রীসমীরেশ্বর তাঁতে ডাকেন বিশ্বমাতা নামে। বেদীর সামনে সিঁদুররঞ্জিত আম্রপল্লব ও পুষ্পমাল্যে শোভিত মঙ্গলঘট। প্রত্যক্ষদর্শী অনেকেই এই ঘটে সাপের আনাগোনা প্রত্যক্ষ করেছেন। আর রয়েছেন নিত্য পূজিতা পাথরের জগদ্ধাত্রী, সুবিশাল ২২ কেজি ওজনের শালিগ্রাম (নারায়ণ) শিলা। নয়নাভিরাম বিশ্বমাতার কাঠের সিংহাসনের দুই পাশের দেওয়ালে বিশ্বমাতা মন্দিরের প্রতিষ্ঠাতা মাতৃসাধক শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারীর পিতা গিরিন্দ্রনাথ ব্রহ্মচারী এবং মাতা আশালতাদেবীর তৈল চিত্র বিরাজমান। এই দুটি ছবি শ্রীসমীরেশ্বর অঙ্কন করেছেন। কারণ তিনি অসাধরণ একজন চিত্রশিল্পী, সঙ্গীতকার, ভাস্কর, মৃৎশিল্পী, সুগায়ক। বর্তমান মন্দির প্রতিষ্ঠা হয়েছিল স্নানযাত্রার শুভদিনে ২৪ শে জ্যৈষ্ঠ ১৩৯৭ সন)। তার পূর্বে মন্দির ছিল টালির চাল এবং দরমার বেড়ার। যাঁর দিব্য সাধনা এবং প্রভাবে শ্রীশ্রী বিশ্বমাতা দক্ষিণাকালী এখানে প্রতিষ্ঠিত হয়েছিলেন সেই প্রণম্য দিব্যপুরুষ শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারী অতি শৈশবেই নিজের হাতে মাতৃমূর্তি তৈরি করে পূজা করতেন। পাড়া প্রতিবেশী এবং আশ্রমের প্রবীণদের কাছে জানা গেল তখন তিনি অতি শিশু, বয়স হবে ৪ কী ৫ বছর। অতটুকু শিশু নিজের হাতে মায়ের মূর্তি গড়ছেন এবং পূজা দিচ্ছেন আবার অনেকেরই ভূত ভবিষ্যত হঠাৎ হঠাৎ বলে দিচ্ছেন দেখে আসপাশের প্রতিবেশীদের ভীড় হতে থাকলো। সেই ভীড় এবং শিশু শ্রীসমীরেশ্বরের দিব্যপ্রভাবও দিনে দিনে বৃদ্ধি হতে থাকলো। তখন তাঁর দাদা টালির চাল দরমার বেড়ার মন্দির তৈরি করে দিলেন। মায়ের এখানে নিত্য অন্ন ভোগ হয়। মা পূজীতা হন বৈষদ্ধবীরূপে তাই কোন আমিষ ভোগ হয় না। পশু বলিদানও হয় না। দুই বেলা নিত্যপূজার সঙ্গে সঙ্গে প্রতি অমাবস্যার সন্ধ্যায় যোড়শপচারে বিশেষ পূজা হয়। ওই দিন চালকুমড়ো, আখ, আদা, কলা বলি দেওয়া হয়। এছাড়াও প্রতি বছর স্নানযাত্রার পূর্ণিমার দিনে মায়ের সারারাতব্যাপী বিশেষ পূজা সম্পন্ন হয়। মাকে দীপান্বিতা কালীপূজায় স্বর্ণালঙ্কারে ভূষিত করা হয়। বাকি সময় কিছু স্বর্ণালঙ্কার পরিহিতা থাকলেও পুষ্পসজ্জাতেই সজ্জিত করা হয়। বেনারসী শাড়ি প্রতি অমাবস্যায় পরিবর্তন করা হয় এবং মায়ের প্রসাদী বেনারসী গরীব দুঃস্থ মেয়ের বিয়েতে উপহার দেওয়া হয়। প্রতি অমাবস্যায় খুচিড়ি, পঞ্চ ব্যাঞ্জন, পঞ্চ ভাজা, চাটনি, পরমান্ন ছাড়াও মরশুমি ফল প্রদান করা হয়। মায়ের মূল ভোগের মিষ্টি গরুর দুধ দিয়েই তৈরি হয়। অমাবস্যার পূজা শুরু হয় সন্ধ্যায়। ভক্তরা পূজা দর্শন করে মাতৃপ্রসাদ দিয়ে রাত ৯টার মধ্যেই বাড়ির দিকে যাত্রা করতে পারেন। দীপান্বিতা কালীপূজার পর অন্নকূট উৎসব হয়। এইখানে বিশেষত্ব এই যে মাতৃসাধক শ্রীসমীরেশ্বর নিজের হাতেই অন্ন দিয়ে অপরূপ মা অন্নপূর্ণার মূতি নির্মাণ করে শাড়ি গহণা পড়িয়ে পূজা করেন। দেখ মনে হবে যে প্রস্তরের মাতৃপ্রতিমা পূজা গ্রহণ করছেন।

মন্দির বা আশ্রম খোলা থাকে সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এবং অপরাহ্ণ ৪ টা থেকে রাত্রি ৮ টা পর্যন্ত। তবে দুর্গাপূজা, কালীপূজা, রথযাত্রা প্রভৃতি উৎসবে সারাদিনই ভক্তদের অবাধ প্রবেশ। বর্তমান বিশ্বমাতা মন্দিরের পাশেই আছে শ্রীসমীরেশ্বরের সাধনার পঞ্চমুণ্ডি আসন। যেখানে তিনি সিদ্ধি লাভ করেছিলেন। মন্দিরের সামনে তৈরি হচ্ছে রাজস্থানের বংশীপাহারপুরের বালু পাথর দিয়ে সুবৃহৎ সম্পূর্ণ পাথরের নতুন মন্দির। এই মন্দির নির্মাণের সময় কোনওরূপ লোহা, স্টিল, পিতল ইত্যাদি ব্যবহৃত হচ্ছে না। কেবল নয়নাভিরাম কারুকার্যময় ভাস্কর্যে খোদিত পাথরের ওপর পাথর সাজিয়ে মন্দিরটি তৈরি হচ্ছে। মন্দিরের দৈর্ঘ্য ৭২ ফুট, প্রস্থ ৪৮ ফুট এবং উচ্চতা প্রায় ৭২ ফুট হবে। দেবশিল্পী বিশ্বকর্মার দেবমন্দির নির্মাণের স্থাপত্য এবং ভাস্কর্যের নির্দেশনা অনুসারে সম্পূর্ণ শাস্ত্রীয় রীতি এবং নীতি অনুযায়ী প্রাচীন লতিন নাগরশৈলী ঘরানার শাক্ত মন্দিরটি নির্মাণ হচ্ছে। প্রতিষ্ঠাতা মাতৃসাধক আনন্দময় দিব্যপুরুষ শ্রীসমীরেশ্বরের ইচ্ছা যে ত্রিতাপদগ্ধ মানুষ এই মন্দিরে এসে শান্তি লাভ করবেন। তাই তিনি বলেন---বিশ্ব মানবতার শান্তির নীড় বিশ্বমাতার নতুন মন্দির।

এই পুণ্যভূমিতে বিরাজমান সাড়ে সাত ফুট উচ্চতার ৪টন ওজনের নর্মদেশ্বর বাণলিঙ্গ। যা নর্মদা নদীতেই একমাত্র প্রাপ্ত হয়। বিরাজমান এবং নিত্য পূজা পাচ্ছেন দ্বাদশ শিব লিঙ্গ। সেই সঙ্গে বিরাজমান কৈলাসেশ্বর মহাদেব। পূজ্য শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারী যখন কৈলাস মানস সরোবর গিয়েছিলেন তখন শিবধাম কৈলাস পর্বত থেকে শিবলিঙ্গ এনে আশ্রমে প্রতিষ্ঠা করেছেন ভক্ত কল্যাণে। আশ্রমে পূজা গ্রহণ করছেন প্রভু জগন্নাথ, বলভদ্র, সুভদ্রা এবং সুদর্শনদেবের আদি চতুর্ধার মূর্তি। স্নানযাত্রার পুর্ণিমায় বিশ্ব সেবাশ্রম সঙ্ঘের সর্বতীর্থের জলে পরিপূর্ণ ব্রহ্ম সরোবরের তীরে প্রভু জগন্নাথের মহাস্নান সম্পন্ন হয়। দুপুরে প্রভুর গজবেশ হয়। স্নানযাত্রার আগের দিন থেকে স্নানযাত্রার সারাদিনরাত মন্দিরে প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব পালিত হয়। রথযাত্রা সম্পন্ন মহাধূমধাম সহকারে। ৬ ফুট লম্বা রূপোর ঝাড়ু দিয়ে ৩০ ফুট সুউচ্চ রথযাত্রার সূচনা হয়। দুর্গাপূজার চারদিন মহাধূমধাম সহকারে দুর্গাদেবীর আরাধনার পাশাপাশি অষ্টমীকে ব্রাহ্মণ বালিকাকে কুমারী রূপে পূজা করা হয়। একমাত্র পর নবমীতে জগদ্ধাত্রী পূজা অনুষ্ঠিত হয়। দুর্গাপূজা এবং জগদ্ধাত্রীপূজায় মাকে খিঁচুড়ি, পঞ্চ ব্যাঞ্জন, পঞ্চ ভাজা, চাটনি, পরমান্ন, নাড়ু, নানাবিধ মিষ্টি এবং ফলের সঙ্গে সঙ্গে তিন প্রকার মাছের ভোগ দেওয়া হয়। অগ্রহায়ণের শুক্লা দ্বিতীয়া তিথি প্রতিষ্ঠাতা শ্রীসমীরেশ্বরের আবির্ভাব তিথি উৎসব পালিত হয়। এই উপলক্ষে ১৫ পূর্ব থেকে সেবাপক্ষ পালন করা হয়। ইংরেজি বছরের প্রথম দিন প্রতিবছর অখণ্ড গীতা মহাযজ্ঞ করা হয়। সমস্ত ভক্তবৃন্দ ওই যজ্ঞে সামিল হতে পারেন। দেব আরাধানার পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, মাসিক রেশন, সাংস্কৃতিক উৎসব, প্রকাশন, ত্রাণকার্য চলে সারা বছর ধরে। কারণ আত্মার মুক্তি ও মোক্ষের সঙ্গে সঙ্গে আর্ত মানবের সেবাই বিশ্ব সেবাশ্রম সঙ্ঘের ব্রত। আর আমি সেই ধর্মে বিশ্বাস করি যা মানুষকে বাঁচায়, গভীর ভক্তির দ্বারা সেবাই প্রকৃতি ধর্ম---এই শ্রীসমীরেশ্বর ব্রহ্মচারীর বাণী। কারণ তিনি বলেন করেন---বড় মানুষ হতে হবে বড় মানসিকতা তৈরি কর। ভাবই ঈশ্বর ঈশ্বরই ভাব। চেতনা আনো চৈতন্য হবে।

আপনাদের নিশ্চয়ই মনে হচ্ছে কীভাবে যাবেন এই পুণ্যভূমিতে দেবদর্শন এবং দেবপুরুষ দর্শনে। পথটা তাহলে বুঝে নিন। যদি কলকাতা থেকে ট্রেনে আসেন তবে শিয়ালদহ-বনগাঁ লাইনের ট্রেনে চড়ে বিশরপাড়া-কোদালিয়া রেল স্টেশনে নেমে পূর্ব দিকে ৫ মিনিটের হাঁটা পথ। আর বাসে করে আসলে যশোহর রোড হয়ে এয়ারপোর্ট বা মধ্যমগ্রামগামী যে কোনও বাসে মাইকেলনগর স্টপেজে নেমে ১২-১৩ মিনিটের হাঁটা পথ বা রিস্কায় আশ্রমের গেট।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# সিনেমার খবর

## রহস্যময়ীর সঙ্গে সালমান খানের ছবি ভাইরাল, নানা গুঞ্জন




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের অন্যতম জনপ্রিয় ও প্রভাবশালী অভিনেতা সালমান খান। বর্তমানে বয়স তার ৫৭ ছুঁইছুঁই, কিন্তু এখনও 'সিঙ্গল'। কবে বিয়ে করবেন সালমান খান? এই নিয়ে এক সময় সংবাদমাধ্যমের প্রশ্নের অন্ত ছিল না। তবে সময়ের সঙ্গে সঙ্গে সেই কৌতুহল কমেছে। এরই মধ্যে তিনি বলিউডের চিরকুমার তকমা পেয়ে গেছেন।

তবে জীবনে প্রেম আসেনি, এমনটা নয়। বারবার প্রেমে পড়েছেন সালমান খান। তবে সফল হতে পারেননি। রবিবার নিজের এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্টে রহস্যময়ী এক নারীর সঙ্গে ছবি পোস্ট করলেন সালমান খান। ছবির ক্যাপশনে জল্পনা উস্কে দিলেন অভিনেতা। ছবিতে দেখা যায়, পিছন ফিরে দাঁড়িয়ে রয়েছেন ওই নারী। তার কাঁধে হাত দিয়ে রেখেছেন সালমান খান। ম্যাচিং করে পোশাকও পরেছেন দু'জন। জ্যাকেটের পিছনে লেখা ২৭/১২। দূরে তাকিয়ে রয়েছেন। ছবির মধ্যেই লেখা "আগামীকাল আমার ভালোবাসার একটা ছোট্ট নিদর্শন শেয়ার করবো।" এই পোস্টের ক্যাপশনে অভিনেতা লেখেন, "তোমার পিছনে সব সময় আমি আছি।"

অনেকেই এই ছবি দেখে নানা ধরনের জল্পনা শুরু করেছেন। তবে একটা বড় অংশের অনুমান, এই নারী অভিনেতার ভাগ্নি আলিজেহ খান অগ্নিহোত্রী। সালমান খানের প্রযোজনা সংস্থা অসংখ্য নতুন অভিনেতা অভিনেত্রীদের বলিউডে সুযোগ করে দিয়েছে। যাদের মধ্যে অন্যতম হলেন- সোনাক্ষী সিনহা। এবার সুহানা খান, খুশি কাপুরদের সঙ্গে বলিউডে আত্মপ্রকাশ করতে চলেছেন অভিনেতার বড় বোন আলভিরা খানের মেয়ে আলিজেহ। সালমান খান ফিল্মসের ব্যানারে তৈরি হওয়া ছবি 'ফ্যারে'র হাত ধরে বলিউডে পা রাখছেন। ইতোমধ্যেই সেটার টিজার প্রকাশ্যে এসেছে। এবার কি তার ট্রেলার প্রকাশ্যে আসছে? তার আগে এটা কি নতুন প্রচার কৌশল সালমানের! তা সময়ই বলে দেবে।

## শাহরুখ খানকে হত্যার হুমকি, বাড়ানো হলো নিরাপত্তা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা শাহরুখ খানকে হত্যার হুমকি দেওয়া হয়েছে। আর এজন্য তার নিরাপত্তা বাড়িয়ে দেয়া হয়েছে। হত্যার হুমকি পাওয়ায় মহারাষ্ট্র সরকারের পক্ষ থেকে নিরাপত্তা বাড়িয়ে ওয়াই প্লাস করা হয়েছে বলিউড বাদশাহ'র।

বিশেষ নিরাপত্তা হিসেবে শাহরুখের দেহরক্ষী হিসেবে থাকবেন ছয় পুলিশ কমান্ডোসহ মোট ১১ জন নিরাপত্তারক্ষী। শাহরুখ খানের এই নিরাপত্তার খরচ অবশ্য অভিনেতাকেই বহন করতে হবে। সেই সঙ্গে আনুষঙ্গিক খরচ অর্থাৎ নিরাপত্তা রক্ষীদের থাকার ব্যবস্থা, গাড়ি বাবদ খরচ ইত্যাদিও শাহরুখকে দিতে হবে। সেই অর্থ জমা পড়বে সরকারি কোষাগারে।

মহারাষ্ট্র পুলিশ এএনআইকে বলেছে, শাহরুখ লিখিত অভিযোগ করেছেন যে চলতি বছরে পর পর দুটি হাজার কোটির ছবি 'পাঠান' ও 'জওয়ান'-এরপর হত্যার হুমকি পাচ্ছেন অভিনেতা। সেজন্যই বাড়িয়ে দেয়া হয়েছে অভিনেতার নিরাপত্তা। ৫ অক্টোবর থেকে দেয়া হয়েছে বাড়তি এই নিরাপত্তা।

এর আগে, ২০২২ সালের নভেম্বর মাসে পাঞ্জাবি গায়ক সিধু মুসেওয়ালার হত্যার সঙ্গে জড়িত লরেন্স বিষ্ণোই গ্যাং সালমান খানকে হত্যার হুমকি দেয়। এরপর সালমানের নিরাপত্তাও এক্স থেকে ওয়াই প্লাস-এ উন্নীত করা হয়।

ডিসেম্বরে আসছে শাহরুখের 'ডাংকি'। রাজকুমার হিরানির এই ছবি মুক্তি পাবে ২২ ডিসেম্বর। ধারণা করা হচ্ছে এটিও হাজার কোটি আয় করবে।

## ভাঙা সম্পর্ক ফের জোড়া লাগছে নাগা-সামান্থার? জল্পনা উস্কে দিল যে ছবি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতীয় দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভু। বিয়ে করেছিলেন আরেক জনপ্রিয় অভিনেতা নাগা চৈতন্যকে। কিন্তু প্রায় দু' বছর হলো বিচ্ছেদ হয়েছে তাদের। কিন্তু এখনও কি প্রাক্তন স্ত্রী সামান্থাকে ভুলতে পারছেন না নাগা? জনপ্রিয় এই দক্ষিণী অভিনেতার পোস্টে ফিরে ফিরে আসছেন সামান্থা! যদিও বিচ্ছেদের পর নিজেকে কাজের মধ্যে ব্যস্ত রেখেছেন অভিনেত্রী। অন্যদিকে নাগার জীবনে এসেছেন নতুন এক রমণী। 'দ্য নাইট ম্যানেজার' খ্যাত অভিনেত্রী শোভিতা ধুলিপালার সঙ্গে তার প্রেমের কানাঘুষা এখন সর্বত্র। তার মাঝেই আচমকা সামান্থা-নাগার সম্পর্ক জোড়া লাগার জোর জল্পনা। নেপথ্যে এক নিষ্পাপ প্রাণ।



সামান্থা ও নাগা বিয়ের পর একটি কুকুর দত্তক নেন। যার নাম হ্যাশ। তাদের বিচ্ছেদের পর হ্যাশকে বিভিন্ন সময় সামান্থার সঙ্গেই দেখা গেছে। যদিও মাঝে মধ্যে দেখা শোনা করতেন নাগাও। এবার অভিনেতা তার সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় হ্যাশের ছবি দিয়ে লেখেন, 'ভাইব'। অভিনেতার গাড়িতে সামান্থার পোষা কুকুরকে দেখে অনুরাগীদের জল্পনা, ফের এক হচ্ছেন দুই তারকা। তবে অনেকেই আবার বলেছেন, "হয়তো সামান্থা কাজের সূত্রে অস্ট্রিয়া যাওয়ার আগে নাগার কাছে রেখে গিয়েছেন তার হ্যাশকে।"

কেউ কেউ বলেছেন, "না না হয়তো সত্যি জোড়া লাগছে তাদের সম্পর্ক।"

বিয়ের চার বছরের মাথায় ভেঙে যায় তাদের সম্পর্ক। তবে একটা সময় তিক্ততা থাকলেও সম্প্রতি একে অপরের প্রশংসাই করতে শোনা গেছে তাদের।

## মুম্বাইয়ে নাইট পার্টিতে মজলেন শ্রাবন্তী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টলিউড অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায়। শুক্রবার কলকাতা থেকে মুম্বাইয়ে পাড়ি দিয়েছেন তিনি। একগুচ্ছ কাজের মধ্যে সেখানে লেট নাইট পার্টিতে মজলেন নায়িকা। নাচলেন রাতভর। আর সেই নাচের ভিডিও সোশ্যালে ভাইরাল। ভিডিওতে তাকে বেশ খোশমেজাজেই দেখা গেছে।

ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, মুম্বাইয়ে এক সপ্তাহের কাজ রয়েছে শ্রাবন্তীর। সেই কাজ সেরেই কলকাতায় ফিরবেন তিনি। তবে শহরে ফেরার পরও তার ব্যস্ততা বহাল থাকছে। কারণ, তারপরই আগরতলায় উড়ে যাবেন তিনি। সেখানকার কাজ মিটিয়ে কলকাতায় ফিরতে আরও দশ দিন।

অন্যদিকে 'দেবী চৌধুরানী'র মতো দৌর্দণ্ডপ্রতাপ ঐতিহাসিক চরিত্রে অভিনয় করার জন্য কড়া হোমওয়ার্ক করছেন শ্রাবন্তী চট্টোপাধ্যায়। কোনো প্রকার ফাঁক রাখছেন না। কারণ, ফিল্মি ক্যারিয়ারের সব থেকে গুরুত্বপূর্ণ সিনেমার শুটিং করতে চলেছেন তিনি। তাই ইতিমধ্যেই ঘোড়সওয়ারের তালিম নেওয়া শুরু করেছেন ময়দানে।

শুধু তাই নয়, এই সিনেমার জন্য মার্শাল আর্টসের প্রশিক্ষণও নিচ্ছেন। সোহাগ সেনের কাছে অভিনয়ের ওয়ার্কশপও করছেন শ্রাবন্তী।

## বেলিংহামের চমক,
# রিয়ালের বড় জয়



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** রিয়াল মাদ্রিদের জার্সিতে ১০ ম্যাচের আটটিতেই জালের দেখা পেয়েছেন জুড বেলিংহাম। সর্বশেষ গতকাল লিগ ম্যাচে ওসাসুনার বিপক্ষে করেছেন জোড়া গোল। রিয়াল মাদ্রিদও জিতেছে ৪-০ গোলের বড় ব্যবধানে।

সান্তিয়াগো বার্নাব্যুতে নবম মিনিটেই রিয়ালকে এগিয়ে নেন বেলিংহাম। বিল্ডাপ ফুটবলে আক্রমণে যায় রিয়াল। লুকা মডরিচের বাড়ানো বল পান কার্ভাহাল। এই রাইট ব্যাকের পাস পেয়ে অনায়াসে জাল খুঁজে নেন বেলিংহাম। প্রথমার্ধে অবশ্য আর গোল করতে পারেনি রিয়াল।

৫৪ মিনিটে ব্যবধান বাড়ানোর সঙ্গে নিজের দ্বিতীয় গোল করেন বেলিংহাম। ফেদে ভালভার্দের সঙ্গে বল দেওয়া-নেওয়া করে দারুণ শটে লক্ষ্যভেদ করেন। এরপর ৬৫ মিনিটে ভিনিসিয়ুস জুনিয়র এবং ৭০ মিনিটে জোসেলু গোল করলে বড় জয় নিশ্চিত হয় রিয়ালের। অবশ্য ৮৪ মিনিটে পেনাল্টি মিস করেন জোসেলু। তা না হলে রিয়ালের ব্যবধান আরো বাড়াতে পারত।

৯ ম্যাচে আট জয়, এক হারে ২৪ পয়েন্ট নিয়ে শীর্ষে রিয়াল মাদ্রিদ। ২২ পয়েন্ট নিয়ে দুইয়ে জিরোনা।

## টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলার
# যোগ্যতা অর্জন করলো কানাডা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কানাডিয়ান ক্রিকেট দলের ঐতিহাসিক জয়, প্রথমবারের মতো টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করলো কানাডা। শনিবার হ্যামিল্টনে বারমুডাকে ৩৯ রানে হারিয়ে ইতিহাস সৃষ্টি করেছে কানাডিয়ান ক্রিকেট দল। জুনে যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসর।

বিশ্বকাপ বাছাই পর্বে আমেরিকা অঞ্চলের ঐ ম্যাচে জয়ের সুবাদে বারমুডার সমান পয়েন্ট সংগ্রহ করেছিল কানাডা। কিন্তু রান রেটে এগিয়ে থেকে বিশ্বকাপে স্থান করে নেয় কানাডা। চার দলের অংশগ্রহণে রাউন্ড রবিন পর্বে অংশ নেয়া বাকি দুটি দল হচ্ছে পানামা ও কেম্যান দ্বীপপুঞ্জ।

আগামী জুনে যুক্তরাষ্ট্র ও ক্যারিবিয় দ্বীপপুঞ্জে অনুষ্ঠিতব্য টি-টোয়েন্টি বিশ্বকাপ নবম আসরে দলসংখ্যা বাড়িয়ে ২০টি করা হয়েছে। এর আগে ৫০ ওভারের বিশ্বকাপে অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে কানাডার। ২০১১ সালের পর আর বড় কোন আন্তর্জাতিক টুর্নামেন্টে খেলার যোগ্যতা অর্জন করতে পারেনি দেশটি। গতকালের ম্যাচে প্রথমে ব্যাটিংয়ে নেমে নবনীত ধালিওয়ালের ৪৫ রানে ভর করে নির্ধারিত ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৩২ রান সংগ্রহ করে কানাডা। ইংনিংসে শেষ ওভার থেকে ২০ রান যোগ করে দলটি। জবাবে বারমুডাকে ১৬.৫ ওভারে ৯৩ রানে অলআউট করে দেয় কানাডা। মাত্র ৩০ রানে শেষ ছয়টি উইকেট হারায় বারমুডা। কানাডার হয়ে ৩টি করে উইকেট নেন বাঁহাতি স্পিনার কালিম সানা ও মিডিয়াম পেসার জেরেমি গর্ডন।

## বাবর ভক্ত কিশোরীর প্রত্যাশা...




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ খেলতে বর্তমানে ভারতে রয়েছে পাকিস্তান ক্রিকেট দল। দুই দেশের বৈরিতার কারণে বাবরদের ভারত সফর আলাদা করেই আলোচনায় থাকছে। পাকিস্তান ক্রিকেট দলকে কেন্দ্র করে খুটিনাটি ঘটনাও গুরুত্ব পাচ্ছে বেশ। সেই বৈরিতার মাঝেই যেন সৌহার্দ্যের বার্তা নিয়ে হাজির হলেন ১৫ বছরের আলিশা। তিনি ফোনের ব্যাককভারে পাকিস্তানের অধিনায়কের ছবি আর হাতে নিয়ে এসেছেন পাকিস্তানের পতাকা। আলিশা ভারতীয় সংবাদমাধ্যম পিটিআইকে বলেছেন, 'আমি ৪ বছর ধরে বাবরের ভক্ত। সামাজিক যোগাযোগমাধ্যমে আমি একটা ফ্যানপেজও চালু করেছিলাম। কিন্তু পড়াশোনায় মনোযোগ দিতে আইডি বন্ধ করে দিতে হয়েছে।'

নেদারল্যান্ডসের বিপক্ষে পাকিস্তানের ম্যাচের দিনে আলিশার এই কাণ্ড নেটিজেনদের নজর কেড়েছে। অনেকেই তাকে বাহবা দিচ্ছেন। কেউ আবার খোঁচা দিতেই ছাড়ছেন না। তবে আলিশা পরিষ্কারভাবেই বলেছেন, 'আমি প্রথমত একজন ভারতীয়। আমি শুভমান গিল এবং বিরাট কোহলিকে পছন্দ করি। কিন্তু আমি একইভাবে পছন্দ করি বাবরকেও। আমি আশা করি, দুই দেশের সম্পর্ক একদিন ভালো হবে।'

## গ্রানাডায়
# হোঁচট খেল বার্সা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গ্রানাডার বিপক্ষে সহজ জয় পাবে বার্সেলোনা, এমনটাই ভেবেছিল সবাই। তবে স্প্যানিশ লিগের সাবেক চ্যাম্পিয়ন দলটি আবারো পয়েন্ট খুঁইয়েছে। রোববার রাতে গ্রানাডার সঙ্গে ২-২ গোলে ড্র করেছে দলটি। বলা যায়, অ্যাওয়ে ম্যাচ থেকে ভাগ্যক্রমে এক পয়েন্ট নিয়ে ফিরেছে। গত তিন ম্যাচে এ নিয়ে দুইবার পয়েনট হারালো বার্সেলোনা।

ম্যাচ শুরুর ১৭ সেকেন্ডেই গোল খেয়ে বসে বর্তমান লা লিগার চ্যাম্পিয়নরা। ব্রায়ান জারাগোজা গ্রানাডাকে লিড এনে দেন। এই জারাগোজাই দলের হয়ে দ্বিতীয় গোলটি করেন। জারাগোজা তার দ্বিতীয় গোলটি করেন ম্যাচের ২৯ মিনিটে।

বিরতির আগ মুহুর্তে বার্সেলোনার কিছুটা স্বস্তি এনে দেন লামিনে ইয়ামাল। ইনজুরি সময়ের প্রথম মিনিটে গোল করেন তিনি। এ গোল তাকে লা লিগার ইতিহাসের পাতায় স্থান করে দেয়। ১৬ বছর ৮৭ দিন বয়সে গোল করে লা লিগায় সর্বকনিষ্ঠ গোলদাতার তালিকায় নাম লেখান তিনি। এর আগে এ কীর্তি ছিল মালাগার ফ্যাব্রিস ওলিঙ্গার। সেল্টা ভিগোর বিপক্ষে ১৬ বছর ৯৮ দিন বয়সে গোল করেছিলেন ওলিঙ্গার।

এরপর দ্বিতীয় হাফে ম্যাচে ফেরার আপ্রাণ চেষ্টা চালায় বার্সেলোনা। তবে কোনভাবেই গোলের দেখা পাচ্ছিল না তারা। তবে ম্যাচ শেষ হওয়ার পাঁচ মিনিট আগে দলকে হারের মুখ থেকে বাঁচান সার্জি রবার্তো। তার গোলে ২-২ সমতায় শেষ হয় ম্যাচটি। যদিও ফেলিক্সের একটি গোল ভিএআরের সাহায্যে বাতিল হয়ে যায়। তা না হলে হয়তো শেষ মুহূর্তের নাটকীয় গোলে জয় নিয়েই মাঠ ছাড়ত বার্সেলোনা।

এ ম্যাচে পয়েন্ট হারিয়ে বার্সেলোনা তৃতীয় স্থানে নেমে এসেছে। ৯ ম্যাচ শেষে তাদের পয়েন্ট ২১। ২৪ পয়েন্ট নিয়ে শীর্ষে চির প্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদ। দ্বিতীয় স্থানে জিরোনার পয়েন্ট ২২।

## বিশ্বকাপের সব রোজগার
# দান করছেন রশিদ খান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বাংলাদেশের কাছে হেরে বিশ্বকাপ শুরু করেছে আফগানিস্তান। কিন্তু মন জয় করে নিলেন রশিদ খান। আফগানিস্তান দলের অন্যতম ক্রিকেটার বিশ্বকাপে নিজের সব ম্যাচ ফি দিয়ে দিলেন দেশের ভূমিকম্পে দুর্গত মানুষদের উদ্দেশে। রশিদের এই আচরণের প্রশংসা করেছেন প্রত্যেকেই।

গত শনিবার ভয়াবহ ভূমিকম্প হয়েছে আফগানিস্তানে। শেষ খবর পাওয়া পর্যন্ত মারা গিয়েছে দু'হাজারেরও বেশি মানুষ। আহতের সংখ্যা প্রায় ১০ হাজারের কাছাকাছি। দেশের পশ্চিমাঞ্চলে বহু গ্রাম নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। ম্যাচের পর টুইট করে আহত এবং মৃতদের প্রতি সমবেদনা জানিয়েছেন রশিদ।

রশিদ খান এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে লিখেছেন, "আফগানিস্তানের পশ্চিম প্রদেশে (হেরাট, ফারাহ এবং বাদঘিস) যে ভয়ঙ্কর ভূমিকম্প হয়েছে তার ব্যাপারে জানতে পেরেছি। তাই বিশ্বকাপে সব ম্যাচে যে টাকা পাব, সেটা আক্রান্ত মানুষদের উদ্দেশ্যে দান করার সিদ্ধান্ত নিয়েছি। খুব তাড়াতাড়ি আমরা অর্থ জোগাড়ের একটা প্রচার শুরু করতে চলেছি যাতে আরও বেশি মানুষের কাছে সাহায্য পৌঁছে দেয়া যায়।"

বাংলাদেশের বিরুদ্ধে আফগানিস্তান ব্যাটিং বিপর্যয়ের মুখে পড়ে। মাত্র ১৫৬ রানেই শেষ হয়ে যায় তারা। হাতে ছয় উইকেটে। এর পর দিল্লিতে ভারতের বিরুদ্ধে খেলবেন রশিদেরা।

## ২৯ বলে সেঞ্চুরি,
# ভাঙলেন ডি ভিলিয়ার্সের বিশ্বরেকর্ড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৩১ বলে সেঞ্চুরি হাঁকিয়ে ওয়ানডেতে দ্রুততম সেঞ্চুরির রেকর্ড গড়েছিলেন দক্ষিণ আফ্রিকার সাবেক ক্রিকেটার এবি ডি ভিলিয়ার্স, যা ওয়ানডে তো বটেই, লিস্ট 'এ' ক্রিকেটেও ছিল দ্রুততম সেঞ্চুরির রেকর্ড।

তবে দক্ষিণ আফ্রিকার সাবেক এই ব্যাটারের রেকর্ডটা এবার ভেঙে দিয়েছেন সাউথ অস্ট্রেলিয়ার ব্যাটার জ্যাক ফ্রেজার ম্যাকগার্ক।

অস্ট্রেলিয়ার ঘরোয়া টুর্নামেন্ট মার্শ কাপে তাসমানিয়ার মুখোমুখি হয় সাউথ অস্ট্রেলিয়া। টস হেরে ব্যাটিংয়ে নেমে ৫০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৪৩৫ রান তোলে তাসমানিয়া।

জবাবে তাণ্ডব শুরু করে সাউথ অস্ট্রেলিয়াও। সিঙ্গেল নিয়ে রানের খাতা খোলার পর ইনিংসের দ্বিতীয় ওভারে ৩২ রান তোলেন ম্যাকগার্ক। তার মারের হাত থেকে কোনো বোলারই রেহাই পাননি। একটা পর্যায়ে টানা পাঁচ ছক্কা হাঁকিয়েছেন তিনি। চার-ছক্কার বৃষ্টিতে অঙ্ক ছুঁয়েছেন মাত্র ২৯ বলে।

শেষ পর্যন্ত ৩৮ বলে ১০ চার ও ১৩ ছক্কায় ১২৫ রানের বিধ্বংসী এক ইনিংস খেলেন ম্যাকগার্ক। পেশাদার ক্রিকেটে এটাই তার প্রথম সেঞ্চুরি। আর প্রথম সেঞ্চুরিতেই বিশ্বরেকর্ড! এ ছাড়া লিস্ট 'এ' ক্রিকেটেও এটি সবচেয়ে দ্রুততম সেঞ্চুরি।

তবে সাউথ অস্ট্রেলিয়া অবশ্য সম্ভাবনা জাগিয়েও ম্যাচটা জিততে পারেনি। ৪৬.৪ ওভারে ৩৯৮ রানেই গুটিয়ে গেছে তারা।

## মিলে গেলেন নাভিন-কোহলি,
# গম্ভীর বললেন কী?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় ব্যাটার বিরাট কোহলি ও আফগান পেসার নাভিন-উল-হকের মধ্যে দ্বন্দ্বটা বেঁধেছিল আইপিএলে। গত আইপিএলে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু-লক্ষ্ণৌ সুপার জায়ান্টস ম্যাচে কোহলির সাথে নাভিনের তর্ক হয়। সেই ঘটনার জেরে কোহলির সাথে ঝামেলায় জড়ান লক্ষ্ণৌর পরামর্শক গৌতম গম্ভীরও। আর তার জেরেই ম্যাচ শেষে কোহলি ও গম্ভীরকে ম্যাচ ফির শতভাগ আর নাভিনকে ৫০ শতাংশ জরিমানা করা হয়েছিল। বিষয়টি ভারতীয় ক্রিকেট অঙ্গনকে বেশ উত্তপ্ত করে।

সেই ঘটনার রেশ দেখা যায় ভারত-আফগানিস্তানের বিশ্বকাপ ম্যাচেও। কোহলির ঘরের মাঠ দিল্লিতে নাভিনকে দুয়ো দিতে থাকেন ভারত সমর্থকরা। এমন পরিস্থিতির মুখোমুখি হয়ে নাভিন গিয়ে হাত মেলান কোহলির সাথে। কথাও বলেন। আর এরপরই গ্যালারির দিকে হাত ইশারা করে সবাইকে দুয়ো দেয়া বন্ধ করার আহ্বান জানান কোহলি। আর এই ঘটনার সময় ধারাভাষ্যে ছিলেন গম্ভীর। তিনিও ঘটনার তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানান।

গম্ভীর বলেছেন, আপনি মাঠে লড়াই করতে পারেন। তবে মাঠের বাইরে নয়। সব খেলোয়াড়ের তার দল, মর্যাদা ও জয়ের জন্য লড়াই করার অধিকার আছে। আপনি কোন দেশের ক্রিকেটার, কেমন খেলোয়াড় এটা কোনো ব্যাপার না। আমরা যখন দেখলাম নাভিন ও বিরাটের লড়াই শেষ হয়েছে, এটাই ভালো বিষয়। আমরা দেখলাম দ্বন্দ্ব শেষ হয়েছে। গম্ভীর আরো বলেন, আমি দর্শকদ ও ভক্তদের বলতে চাই মাঠে কিংবা সামাজিক যোগাযোগমাধ্যমে কাউকে ট্রোল বা হাসির পাত্র বানানো উচিত নয়।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR